



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2020

বাংলা

দ্বিতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করবে।

১ থেকে ৫ নম্বরের প্রশ্নগুলির মধ্যে থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১৫ × ৩ = ৪৫

১।(ক)

বহুদিন পরে বঁধুয়া এলে

১+১+৬+৭

দেখা না হইত পরাণ গেলে।

এটি কোন পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে? পদটির বিষয়বস্তু আলোচনা করে পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও।

অথবা

(খ)

কি পেখলু নটবর গৌরকিশোর

১৫

অভিনব হেম কল্পতরু সঞ্চরু

সুরধনী তীর উজোর।

পদকর্তার নাম উল্লেখ করে পর্যায়টির সম্যক পরিচয় দাও।

২।(ক)

‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে রাবণের পিতৃসত্তার যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

১৫

অথবা

(খ)

‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্র পরিকল্পনায় কবির নৈপুণ্যের পরিচয় দাও।

১৫

৩।(ক)

‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের ‘ছেলেটা’ কবিতায় কবি এক চিরশিশুর মন আবিষ্কার করেছেন — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

১৫

অথবা

(খ)

‘সাধারণ মেয়ে’ কবিতার মূলভাবটি কবিতা অবলম্বনে আলোচনা করো।

১৫

৪।(ক)

“পঁচিশ বছর প্রতীক্ষায় আছি” — কে, কার জন্য প্রতীক্ষায় রয়েছে? কবিতাটিতে কবির যে ক্ষোভ ও হতাশার ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দাও।

১+২+১২

অথবা

(খ)

“ভিটে ভাঙার পালা এল কি এবার” — এই উদ্ধৃতির আলোকে কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

১৫

৫।(ক) মাত্রাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

১৫

অথবা

(খ) নিম্নলিখিত যে-কোনো তিনটি বিষয়ে টীকা লেখোঃ

৫×৩ = ১৫

দল, পর্ব, পয়ার, যতি, মাত্রা, অক্ষর।

৬। নিম্নলিখিত যে-কোনো একটি উদ্ধৃতির তাৎপর্য লেখোঃ

৫×১ = ৫

(ক) মাধব তুয়া অভিসারক লাগি

দুতর পস্থ গমন ধনি সাধয়ে

মন্দিরে যামিনী জাগি।

(খ) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে

প্রচেত! হা ধিক্ ওহে জলদলপতি!

(গ) এ গান যেখানে সত্য

অনন্ত গোধূলি লগ্নে

সেইখানে বহি চলে ধলেশ্বরী।

(ঘ) কত রাজা আসে যায় ইতিহাসে

ঈর্ষ্যা আর দ্বেষ আকাশ বিযাক্ত করে....।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—